

## বিলাসের সামগ্রী মজুত, অপরাধে জড়িয়ে পড়ছে নতুন এই প্রজন্ম

এই সময়: জেন ওয়াইয়ের কিশোর প্রজন্ম কি পরাজয় মেনে নিতে পারছে না? কোনও না কোনও পরাজয় তাদের কি বেপরোয়া করে তুলছে? পরিসংখ্যান বলছে, কিশোর প্রজন্মের মধ্যে অপরাধের প্রবণতা বৃদ্ধি পেয়েছে শহর কলকাতার গণ্ডি ছাড়িয়ে দেশের বিভিন্ন প্রান্তে। যা একই সঙ্গে চিহ্নিত করে তুলেছে পুলিশকর্তা, মনোবিদ কিংবা মা-বাবাদেরও। ন্যাশনাল ক্রাইম রেকর্ড ব্যুরোর শেষ হিসেব অনুযায়ী ২০১৪ দেশে ৮৪১টি খুন, ১৯৮৯টি ধর্ষণ এবং ১৪৫৫টি অপহরণের ঘটনায় জড়িয়েছে ১৬ থেকে ১৮ বছর বয়সি কিশোরদের নাম। এর মধ্যে কোথাও বা বান্ধবী ছেড়ে চলে যাওয়ায় আত্মহত্যা করেছে কেউ, আবার কোথাও পুরোনো শত্রুতার জেরে নিজের দীর্ঘদিনের সহপাঠীকে খুন করতেও দ্বিধাবোধ পর্যন্ত করছে না তারা। এমনকি, বন্ধুদের সঙ্গে পার্টি করতে গিয়ে অতিরিক্ত মাদক সেবনে মৃত্যুর নজিরও রয়েছে এই শহরেই।

কলকাতা পুলিশের এক কর্তার মতে, আধুনিকতার সঙ্গেই পালা দিয়ে অপরাধ প্রবণতা বাড়ছে এই বয়সের কিশোর-কিশোরীদের মধ্যে। যার মধ্যে রয়েছে, বন্ধুদের সঙ্গে বাজি ধরে বাইক চুরি করা, বান্ধবীকে দামি উপহার দেওয়ার তাগিদে মোবাইল ছিনতাই বা দামি রেস্টোরাঁয় খাবারের বিলের টাকা তুলতে বাবার পকেট থেকে এটিএম কার্ড চুরি করার মতো ঘটনাও। কয়েক মাস আগে তালতলা এলাকায় নেশার টাকা তুলতে কলকাতার এক নামি স্কুলের ছাত্র রাস্তার ধারে ঘুমিয়ে থাকা ভিখারির মাথায় হুট করে আঘাত করে তার টাকাও লুট করে।

মনোবিদদের যুক্তি, 'এগুলি কোনওটাই কিন্তু প্রয়োজনীয়তা থেকে নয়, চাহিদা থেকে হয়েছে।' মনোবিদ সাগ্নিক মুখোপাধ্যায় যেমন বলছেন, 'ছেটিবেলা থেকেই হাতে স্মার্ট ফোন, সঙ্গে বাবা-মার দেওয়া মোটা পকেট মানি। কিন্তু ছেলে-মেয়ের এই কাণ্ড দেখেও অভিভাবকরা কড়া হন না। তারা ভাবেন বয়স বাড়লে সব



আবেশদের মুদিয়ালির বসত বাড়ি

—এই সময়

ঠিক হয়ে যাবে।' রবিবার এক পুলিশকর্তা জানান, কয়েক মাস আগে পাটুলিতে এক ছাত্র বান্ধবীকে দেখানোর জন্য একটি বাইক ট্রায়াল দেওয়ার নাম করে নিয়ে চম্পট দেয়। পরে জানা যায় ওই বান্ধবী কিশোরটিকে বলেছিল তার সঙ্গে ভাব জমাতে হলে বাইক লাগবে।

শুধু এতেই নয়। চুরি, ছিনতাইয়ের ঘটনার পাশাপাশি আত্মহত্যার প্রবণতাও বেড়েছে কিশোর বয়সে। কয়েক বছর আগে সন্টলেকের একটি হোস্টেল থেকে মণীশ রঞ্জন নামে এক ইঞ্জিনিয়ারিং পড়ুয়ার কুলন্ত দেহ উদ্ধার করে বিধাননগর পুলিশ। তদন্তে নেমে পুলিশ জানতে পারে, নিজের বান্ধবী ছেড়ে চলে যাওয়ার শোকেই আত্মহত্যার পথ বেছে নিয়েছিল ওই কিশোর। মধ্যমগ্রামের একটি বেসরকারি স্কুলের ক্লাস এইটের দুই পড়ুয়া দীপশিখা ও সুদীপ্ত ২০১২ সালের ২ রা ফেব্রুয়ারি আত্মহত্যা করে

পাঁচতলা আবাসনের ছাদ থেকে ঝাঁপ দিয়ে। জানা যায়, সম্পর্কের টানাপোড়েনেই তারা আত্মহত্যার পথ বেছে নিয়েছিল। চলতি বছরের ২৫ শে মার্চ বারাসতের খেলার মাঠে কুপিয়ে খুন করা হয় ভলিবল খেলোয়াড় সঙ্গীতা আইচকে। ঘটনায় মূল অভিযুক্ত সুরত সিং ওরফে রাজা গ্রেপ্তারির পর জানায়, তার সঙ্গে সম্পর্ক অস্বীকার করে অন্য একজনের সঙ্গে ঘনিষ্ঠ হয়ে পড়েছিল সঙ্গীতা। চলতি বছরের মে মাসে জঙ্গি সংগঠন আইএস-এর সঙ্গে যুক্ত থাকার ঘটনায় ধনেখালির বাসিন্দা আশিক আহমেদ নামে ইঞ্জিনিয়ারিংয়ের এক ছাত্রকে গ্রেপ্তার করে জাতীয় তদন্তকারী সংস্থা এনআইএ।

জুনে কোমলগর থেকে ছিনতাইয়ের অপরাধে পুলিশ ৬ জন ছাত্রকে গ্রেপ্তার করে। ওই ছাত্রদের জেরা করে গোয়েন্দারা জানতে পারেন, মদ্যপান ও হাত খরচের টাকা তুলতেই তারা এ পথে পা বাড়িয়েছে। আবার, ডায়মন্ড হারবার থানার বাসিন্দা বছর কুড়ির সুপ্রভ দাস মত্ত অবস্থায় বন্ধুদের সঙ্গে বাইক রেসিংয়ে পালা দিতে গিয়ে রায়চক যাওয়ার পথে মারা যায়। পাশেই সরিষার বাসিন্দা এক তরুণীরও মৃত্যুর তদন্তে নেমে গোয়েন্দারা দেখেন, ম্যানেজমেন্টের ওই পড়ুয়া নিয়মিত সহপাঠীদের সঙ্গে বিভিন্ন পার্টিতে গিয়ে মাদক নিতেন। বাড়িতে ফিরে ডেনড্রাইটের মাধ্যমে নেশা করতে গিয়ে মৃত্যু হয়েছে তাঁর।

শিশু মনোরোগ বিশেষজ্ঞ চিকিৎসক হিরণ্ময় সাহা বলেন, 'প্রতিদিন যতজন কাউন্সিলিং করতে আসেন তার মধ্যে দশ শতাংশের বয়স ১৪ থেকে ১৮-র মধ্যে।' কিন্তু কেন বাড়ছে অপরাধ? পুলিশকর্তাদের ব্যাখ্যা, এখন ছোট বয়সেই 'টেক স্যাভি' হয়ে উঠছে ছেলে-মেয়েরা। কোনও কিছুই অজানা থাকছে না তাদের। ফলে অপরাধের সব দরজাগুলো পরিষ্কার হয়ে উঠছে তাদের কাছে। এটা বাড়ির লোকদের কড়া নজরদারিতেই বন্ধ করতে হবে।